



স্মারক নম্বর-১৪.৩১.৪৮০০.২৬৩.০৫.০১৫.২৪

তারিখ:- ২১/০৪/২০২৪ খ্রি

উদ্যোক্তা নিয়োগ/নিযুক্তি বিজ্ঞপ্তি

ইটনা উপজেলা ডাকঘরের স্মার্ট পোস্টাল সার্ভিস পয়েন্টে উদ্যোক্তা হিসাবে দায়িত্ব পালনের জন্য ১ জন নারী ও ১ জন পুরুষ অস্থায়ী ভিত্তিতে নিযুক্ত/নিয়োগের লক্ষ্যে ইটনা উপজেলায় বসবাসরত নাগরিকগণের নিকট হতে অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	উপজেলার নাম	পদের সংখ্যা	প্রার্থীর যোগ্যতা	মন্তব্য
০১	উদ্যোক্তা (লেটার রাইটার), স্মার্ট পোস্টাল সার্ভিস পয়েন্ট	ইটনা, কিশোরগঞ্জ	২ জন (১ জন নারী এবং ১ জন পুরুষ)	(ক) কোনো স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটার পরিচালনা, নাগরিক সেবা প্রদানের বাস্তব অভিজ্ঞতা ও তথ্য প্রযুক্তি সম্পর্কে দক্ষতা; (গ) নিজ খরচে স্মার্ট পোস্টাল সার্ভিস পয়েন্ট এর জন্য প্রয়োজনীয় উপকরণ, যন্ত্রপাতি এবং আসবাবপত্র ক্রয় করার সামর্থ্য; (ঘ) স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে প্রযুক্তি নির্ভর ডিজিটাল সেবা ও আর্থিক অন্তর্ভুক্তিমূলক সেবা কার্যক্রম পরিচালনার সক্ষমতা থাকতে হবে; (ঙ) কম্পিউটার চালনায় MS Office এ পারদর্শী হতে হবে। (চ) নষ্টবিরোধী বা ফৌজদারি অপরাধের অভিযোগমুক্ত হতে হবে; (ছ) পূর্বে জনস্বাস্থ্য সেবা প্রদানকারী এবং অভিজ্ঞদের অধাধিকার প্রদান করা হবে; (জ) কম্পিউটার বিষয়ক প্রশিক্ষণ কোর্সধারীরা (সনদ বাধ্যতামূলক) এ ক্ষেত্রে অধাধিকার পাবে।	

- শর্তাবলি:**
- ০১। অনলাইনে আবেদন শুরু আগামী ২৫ শে এপ্রিল ২০২৪ খ্রি. এবং আবেদনের শেষ তারিখ: ২ মে ২০২৪ খ্রি. দিবাগত রাত ১১.৫৯। (আবেদন লিংক- <http://bdpost.eksheba.gov.bd/>)।
 - ০২। প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক এবং স্থানীয় বাসিন্দা (পোস্ট কোডের আওতাধীন ও অত্র এলাকায় ন্যূনতম ৫ বছর বসবাসরত) হতে হবে।
 - ০৩। প্রার্থীর বয়স ২ রা মে, ২০২৪ খ্রি. তারিখে ন্যূনতম ১৮ বছর হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেবিট গ্রহণযোগ্য নয়।
 - ০৪। অনলাইনে আবেদনের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে:-
(ক) অনলাইন জন্ম সনদ এবং সকল শিক্ষাগত ও অভিজ্ঞতার সনদপত্রের ফটোকপি।
(খ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদপত্র এবং উদ্যোক্তা কর্তৃক কোনো প্রকার অনিয়ম/বিশৃঙ্খল আচরণের ক্ষেত্রে দায় দায়িত্ব নিবেন এই মর্মে মত্রে এলাকায় স্থায়ীভাবে বসবাসরত গণ্যমান্য ব্যক্তি/নিকট আত্মীয়র নিকট হতে প্রত্যয়নপত্র।
(গ) সদ্য তোলা ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি;
(ঘ) নিয়োগ পরীক্ষা লিখিত, ব্যবহারিক (কম্পিউটার) এবং মৌখিক যা, অনলাইনে অনুষ্ঠিত হবে। প্রার্থীকে নির্বাচনী (লিখিত, ব্যবহারিক (কম্পিউটার) এবং মৌখিক) পরীক্ষায় অংশগ্রহণের জন্য টিএ/ডিএ প্রদান করা হবে না।
(ঙ) লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ কালে নাগরিক সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ, শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র, অভিজ্ঞতার সনদ, কম্পিউটার পারদর্শীতার সনদ সম্পর্কিত প্রমাণক সনদপত্রের মূল কপি অবশ্যই প্রদর্শন করতে হবে।
(চ) ইতোমধ্যে বিদ্যমান দক্ষ, সং, যোগ্য এবং উদ্যোক্তা হিসেবে সাফল্যের গল্প আছে এমন উদ্যোক্তাগণকে অধাধিকার দেয়া হবে।
(ছ) উদ্যোক্তা হিসেবে নিযুক্ত/নিয়োগের বিষয়ে কোন প্রকার প্রত্যক্ষ বা পরোক্ষ তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে।
(জ) কোনো প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এবং কমিটি এ নিযুক্তি কার্যক্রম স্থগিত, শর্ত পরিবর্তন, সংযোজন এবং বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।
(ঝ) এছাড়াও আবেদন বাছাই ও নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।
 - ০৫। স্মার্ট পোস্টাল সার্ভিস পয়েন্ট এর উদ্যোক্তার পদটি সরকারি/আউটসোর্সিং/অন্য কোনো চাকুরির পদ না। এমনকি উদ্যোক্তার পদকে স্থায়ী বা সরকারিকরণের জন্য ভবিষ্যতে কোনো আবেদন বা অন্য কোনো পদক্ষেপ গ্রহণ করা যাবে না।
 - ০৬। উদ্যোক্তা হিসেবে নিযুক্তির পর উদ্যোক্তার কার্যক্রম/আচরণে কোনো প্রকার অসংগতি লক্ষ্য করা গেলে উদ্যোক্তা নিযুক্তিকরণ/নিয়োগকারী কর্মকর্তা উদ্যোক্তার নিযুক্তির আদেশ বাতিল করতে পারবেন।
 - ০৭। স্মার্ট পোস্টাল সার্ভিস পয়েন্টে উদ্যোক্তা হিসেবে দায়িত্ব পালনের জন্য সরকারের পক্ষ থেকে বেতন/ভাতা/সম্মানি ইত্যাদি প্রদান করা হবে না।
 - ০৮। স্মার্ট পোস্টাল সার্ভিস পয়েন্টে উদ্যোক্তা হিসেবে দায়িত্ব পালনের জন্য সরকারের পক্ষ থেকে বেতন/ভাতা/সম্মানি ইত্যাদি প্রদান করা হবে না।
 - ০৯। স্মার্ট পোস্টাল সার্ভিস পয়েন্টে উদ্যোক্তা হিসেবে দায়িত্ব পালনের জন্য সরকারের পক্ষ থেকে বেতন/ভাতা/সম্মানি ইত্যাদি প্রদান করা হবে না।
 - ১০। সাধারণকে সেবা প্রদান বাবদ প্রাপ্ত আয় সংশ্লিষ্ট নীতিমালা অনুযায়ী গ্রহণ করবেন।
 - ১১। পূর্বে জনস্বাস্থ্য সেবা প্রদানকারী এবং অভিজ্ঞদের অধাধিকার প্রদান করা হবে।
 - ১২। পূর্বে জনস্বাস্থ্য সেবা প্রদানকারী এবং অভিজ্ঞদের অধাধিকার প্রদান করা হবে।
 - ১৩। পরীক্ষার তারিখ, সময় ও পরীক্ষার অনলাইন লিংক পরবর্তীতে প্রার্থীর ই-মেইলে জানানো হবে।

স্বাক্ষর
(আমিনুল হক)
পোস্টঅফিস পরিদর্শক,
কিশোরগঞ্জ পশ্চিম উপ-বিভাগ
ও
সদস্য সচিব
স্মার্ট পোস্টাল সার্ভিস বাস্তবায়ন কমিটি

- সদয় জ্ঞাতার্থে এবং বহুল প্রচারের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:**
- ১। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
 - ২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, ইটনা, কিশোরগঞ্জ।
 - ৩। উপজেলা চেয়ারম্যান, ইটনা, কিশোরগঞ্জ।
 - ৪। সভাপতি/সাধারণ সম্পাদক, ইটনা প্রেসক্লাব, কিশোরগঞ্জ।